



B.A./4th Sem. (H)/BNG/25(CBCS)

2025

4th Semester Examination

BENGALI (Honours)

Paper : C 9-T

(কাব্য পাঠ)

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

The figures in the margin indicate full marks.

*Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ১। 'বীরাঙ্গনা' কাব্যের প্রকাশকাল লেখো। কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে? ১+১
- ২। 'বীরাঙ্গনা' কাব্যের উপর কোন্ বিদেশি কবির কোন্ কাব্যের প্রভাব রয়েছে? বিদেশি কবির কাব্যে মোট কতগুলি পত্রিকা ছিল? $\frac{1}{2} + 1 \frac{1}{2}$
- ৩। 'দেখিব প্রেমের স্বপ্ন জাগি হে দু'জনে' — এখানে কোন্ দু'জনের কথা বলা হয়েছে? বক্তার পরিচয় দাও। ১+১

P.T.O.

- ৪। ‘যদিও তুমি ভুলিয়াছ তারে, / ভুলিতে তোমারে কভু পারে কি
অভাগী?’ — বক্তা কে? নিজেকে অভাগী রূপে কেন উল্লেখ
করেছেন? ১+১
- ৫। ‘বাড়ালে যাহার মান, থাক তার সাথে / গৃহে তুমি।’ — কে,
কার মান কীভাবে বাড়িয়েছেন? ১+১
- ৬। ‘বলাকা’ কাব্যে মোট কতগুলি কবিতা স্থান পেয়েছে? কাব্যটি
কাকে উৎসর্গ করা হয়েছে? ১+১
- ৭। ‘বলাকা’ কাব্যের ‘সবুজের অভিযান’ কবিতাটি কবে, কোন্
পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? ১+১
- ৮। ‘দীপক তানে উঠুক ধ্বনি দীপ্ত প্রাণের হর্ষ।’ — ‘দীপক তান’
কী? ২
- ৯। ‘যে মুহূর্তে পূর্ণ তুমি সে মুহূর্তে কিছু তব নাই।’ — অংশটির
তাৎপর্য লেখো। ২
- ১০। ‘বাজিল ব্যাকুল বাণী নিখিলের প্রাণে’ — কোন্ কবিতার অংশ?
ব্যাকুল বাণীটি কী? ১+১
- ১১। ‘বনলতা সেন’ কাব্যের সিগনেট প্রেস সংস্করণে কতগুলি কবিতা
স্থান পেয়েছিল? এই কাব্যে সংকলিত প্রেমচেতনামূলক
যে-কোনো দুটি কবিতার নাম উল্লেখ করো। ১+১
- ১২। ‘বনলতা সেন’ কাব্যে বনলতা সেন ব্যতীত চারজন নারীর নাম
লেখো। ২×৪

১৩। ‘চোখে তার

যেন শত শতাব্দীর নীল অঙ্ককার’ — এখানে ‘তার’ বলতে কার কথা বলা হয়েছে? ‘শত শতাব্দীর নীল অঙ্ককার’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ১+১

১৪। ‘হায়চিল’ কবিতাটির উপর পাশ্চাত্যের কোন্ কবির কোন্ কবিতার প্রভাব আছে বলে মনে করা হয়? ১+১

১৫। ‘বনলতা সেন’ কবিতায় ‘অঙ্ককার’ শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে? এই শব্দের সর্বশেষ প্রয়োগটির অন্তর্নিহিত অর্থ লেখো। ১+১

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। ‘সোমের প্রতি তারা’ পত্রিকা অবলম্বনে তারার দুর্নিবার হৃদয়বৃত্তির পরিচয় দাও।

১৭। ‘একদিকে ক্ষাত্রতেজ, অপরদিকে নারীর অসহায়তা — এই দুই-এর দ্বন্দ্ব জনা ক্ষতবিক্ষত।’ — অভিমতটির যথার্থতা বিচার করো।

১৮। প্রৌঢ়ত্বে উপনীত রবীন্দ্রনাথের যৌবন বাসনা ‘বলাকা’ কাব্যের শঙ্খ (৪ সংখ্যক) কবিতায় কীভাবে রূপায়িত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

১৯। “নয়ন সম্মুখে তুমি নাই।

নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাই।” — সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

P.T.O.

- ২০। ‘বনলতা সেন’ কাব্যের ‘অন্ধকার’ কবিতায় প্রতিফলিত মৃত্যু
চেতনার পরিচয় দাও।
- ২১। ‘হাওয়ার রাত’ কবিতায় রাতের গুরুত্ব বোঝাও।

বিভাগ - গ

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ২২। পত্রকাব্য হিসেবে ‘বীরঙ্গনা’ কাব্যের শিল্পমূল্য বিচার করো।
- ২৩। ‘দ্বারকানাথের প্রতি রুস্বিগী’ পত্রিকা অবলম্বনে রুস্বিগীর
অনুরাগরঞ্জিত কুমারী হৃদয়ের পরিচয় দাও।
- ২৪। ‘বলাকা’ কাব্যের ৪৫ সংখ্যক কবিতার নাম ‘নববর্ষের আশীর্বাদ’
রাখার সার্থকতা বিচার করো।
- ২৫। বনলতা সেন কাব্যের ‘সুচেতনা’ কবিতা অবলম্বনে জীবনানন্দের
প্রেমচেতনার স্বরূপ বিশ্লেষণ করো।
-